

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর
সিবিএইচসি কার্যালয়
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/চট্টঃ বিঃ/শৃংখলা-৬০/২০১৬/


তারিখঃ / / ২০১৭ ইং

আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ জুয়েল রানা, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে চাঁদপুর জেলার কচুয়া উপজেলার কচুয়া (উত্তর) ইউনিয়নের বরুচর কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে প্রায়ই কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে সিবিএইচসি কার্যালয়ের স্মারক নং- ২৭৯ তারিখঃ- ০২/০৪/২০১৭ ইং মোতাবেক কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং বেতন ভাতা বন্ধ রাখা হয়।

যেহেতু, সিএইচসিপি, জনাব মোঃ জুয়েল রানা কারণ দর্শানোর নোটিশের জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিবিএইচসি কার্যালয়ে প্রেরণ করেছেন। কারণ দর্শানোর নোটিশের জবাবে উল্লেখ করেন যে, “গত ০৫/০২/২০১৭ ইং তারিখে প্রতিদিনের ন্যায় সকাল ০৯.০০ ঘটিকার সময় বরুচর কমিউনিটি ক্লিনিক খোলা রেখে আগত রোগীদেরকে স্বাস্থ্য সেবা প্রদান করেন। গত ০৪/০২/২০১৭ ইং তারিখ রাতে তার ঘর থেকে সীমসহ মোবাইল ফোনটি চুরি হয়ে যায়। রিপোর্ট প্রদান করতে তিনি ০৫/০২/২০১৭ ইং তারিখ ০১.০০ ঘটিকার সময় ক্লিনিক ত্যাগ করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে আবাসিক মেডিকেল অফিসার ডা. আঃ মান্নান সাহেবের সুপারিশসহ তিনি হাজীগঞ্জ গ্রামীন ফোন কাষ্টমার কেয়ারে যান। ঐ সময় তার ইউনিয়নে দায়িত্বরত সহকারী স্বাস্থ্য পরিদর্শক ক্লিনিক পরিদর্শনে যান এবং তাকে কর্মস্থলে অনুপস্থিত পান। অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি মহোদয়ের নিকট ক্ষমা প্রার্থনা করেন এবং কারণ দর্শানোর নোটিশ হতে অব্যাহতি দিয়ে বেতন ভাতাদি পাওয়ার আদেশ দানের জন্য আবেদন জানান।” এফনে, সেহেতু সিএইচসিপি, জনাব মোঃ জুয়েল রানা এর দাখিলকৃত জবাব ও কাগজপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হলোঃ

১. চাঁদপুর জেলার কচুয়া উপজেলার কচুয়া (উত্তর) ইউনিয়নের বরুচর কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি, জনাব মোঃ জুয়েল রানা-কে তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে মানবিক দিক বিবেচনা করে অব্যাহতি প্রদান করা হলো।
২. সিএইচসিপি, জনাব মোঃ জুয়েল রানা-কে নিয়মিত দায়িত্ব প্রাপ্ত কমিউনিটি ক্লিনিকে নিয়মিত সেবা প্রদান এবং ভবিষ্যতে সরকারী কর্মচারী শৃংখলা ও আচরণ বিধি পরিপন্থি কার্যক্রম না করার জন্য প্রথমবারের মতো সতর্ক করা হলো।


(ডাঃ মোঃ আবুল হাসেম খান)
লাইন ডাইরেক্টর
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর


ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/চট্টঃ বিঃ/শৃংখলা-৬০/২০১৬/

তারিখঃ ২০/০৬/২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, চাঁদপুর।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর (আদেশটি সার্ভিস বুক লিপিবদ্ধ করার অনুরোধ সহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর।
৮. জনাব মোঃ জুয়েল রানা, সিএইচসিপি, বরুচর কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন- কচুয়া (উত্তর), উপজেলা- কচুয়া, জেলা- চাঁদপুর।
৯. অফিস কপি।


(ডাঃ পৃথীশ কুমার দত্ত)
ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।